# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৭১২ তারিখ : ২০/০৮/২০২০

বিষয় : *বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (ইংরেজি মাধ্যম) নিবন্ধন নিশ্চিতকরণ ও নীতিমালা অনুসরন প্রসঙ্গে।*

সূত্র : (১) এস.আর.ও নং- ১৭৩ আইন/২০১৭।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.১৩৪.১৭-২৫৭, তারিখ- ২৮/০৭/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন বিদেশি কারিকুলামে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং পরিচালনা পর্ষদের অবগতির জন্য জানানো যাচ্ছে,

১। শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১২ কর্তৃক ০৫/০৬/২০১৭ তারিখে নির্দেশিত এবং এস.আর.ও নং- ১৭৩ আইন/২০১৭ Registration of Private Schools Ordinance 1962 (Ordinance No. XX of 1962) এর Section ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধন বিধিমালা ২০১৭ এর প্রবিধি ৩ এবং ৪ মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে উক্ত নির্দেশনার আলোকে কিছু শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধন গ্রহণ করলেও কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধন গ্রহণ করা হতে বিরত রয়েছে। উক্ত বিধিমালার আবেদন ফরম 'ক' অনুযায়ী তথ্যাবলি পূরণপূর্বক নির্ধারিত ফিসহ আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। *অত্র বোর্ডের আওতাধীন নিবন্ধনকৃত ইংরেজি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর* **EIIN** *(ইআইআইএন) নম্বর বোর্ডের ওয়েবসাইটে দেয়া হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে* **EIIN** *(ইআইআইএন) নম্বর সংগ্রহ করে বোর্ডের নির্ধারিত ফিসহ আবেদন করে লগইন পাসওয়ার্ড* **(Login Password)** *সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।*

***২। বিধিমালার ৭ উপবিধি অনুযায়ী নিবন্ধন সনদের শর্ত মোতাবেক কমিটি গঠন করে নিবন্ধন কর্তৃপক্ষ হতে অনুমোদন নেয়ার নির্দেশনা থাকলেও নিবন্ধনকৃত প্রতিষ্ঠানগুলো (ইংরেজি মাধ্যম) বোর্ড হতে কোন কমিটি অনুমোদন গ্রহণ না করে বিধি বহির্ভূতভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছেন। ফলে প্রতিষ্ঠানসমূহকে (ইংরেজি মাধ্যম) নিবন্ধন কর্তৃপক্ষের নিকট হতে ম্যানেজিং কমিটি গঠনের জন্য আবেদন করতে অনুরোধ করা হলো।***

৩। বিধিমালার ১০(৩) উপবিধি এবং সাময়িক নিবন্ধন আবেদন ফরম 'ক' এর ক্রমিক নং- ১১ নির্দেশনা মোতাবেক প্রতিমাসে বা বৎসরে শ্রেণিভেদে আদায়কৃত টিউশন ফি, ভর্তি ফি, খেলাধুলা ফি, গ্রন্থাগার ফি, টিফিন ফি, মুদ্রণ ফি এবং অন্যান্য ফি এর পরিমাণ ও বিবরণ ইত্যাদি বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট উল্লেখসহ অবহিত করার বিধান রয়েছে। যা নিবন্ধন কর্তৃপক্ষকে অবহিত করানো হচ্ছে না।

৪। বিধিমালার ১৯(৩) উপবিধি-তে বেসরকারি বিদ্যালয়ে সহপাঠ কার্যক্রম পরিচালনা, কোন বিশেষ সুবিধা এবং উন্নতমানের যন্ত্রপাতি বা প্রযুক্তি সুবিধা ব্যবহারের জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হতে ফি আদায় করা যাবে, তবে অনুরূপ ক্ষেত্রে ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদিত উহার পূর্ণাঙ্গ ব্যয় বিবরণী অভিভাবকদের লিখিতভাবে অবহিত করতে হবে নির্দেশনা থাকলেও তা নিবন্ধনকৃত শিক্ষা প্রতিষ্ঠানগুলো কর্তৃক প্রতিপালন করা হচ্ছে না।

৫। বিধিমালার উপবিধি ২০(১) মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যথাযথভাবে উহার হিসাবরক্ষণ এবং হিসাব বিবরণী প্রস্তুত করবে এবং উপবিধি ২০(৩) মোতাবেক প্রত্যেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি প্রত্যেক অর্থ বৎসর শেষে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয় সম্পর্কে Bangladesh Chartered Accountants Order, 1973 (Presidents Order No. 2 of 1973) এর Article 2(1)(b) এ সংজ্ঞায়িত 'chartered accountant' দ্বারা শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবনিরীক্ষা সম্পাদন করাবে এবং উহার একটি রিপোর্ট নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে যা পালন করা হচ্ছে না।

এমতাবস্থায়, নিবন্ধনবিহীন শিক্ষা প্রতিষ্ঠানগুলো জরুরি ভিত্তিতে নিবন্ধনের জন্য আবেদন এবং নিবন্ধনকৃত শিক্ষা প্রতিষ্ঠানগুলো উল্লিখিত বিষয়াবলী বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২০/০৮/২০২০

*প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞাঁ*
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : (১) *পরিচালনা পর্ষদ*
(২) *অধ্যক্ষ/প্রধান শিক্ষক*
বোর্ডের আওতাধীন অনুমোদিত ও অননুমোদিত বিদেশি কারিকুলামে পরিচালিত ইংরেজি মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠান।

*সদয় অবগতির জন্য অনুলিপি :*

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। অতিরিক্ত সচিব, বেসরকারি মাধ্যমিক- ২, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪। জেলা প্রশাসক (সকল)
৫। অফিস কপি।

২০/০৮/২০২০